

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ মুযদালিফা থেকে মিনায় যাওয়ার সময় সম্পর্কে বর্ণনা

ذَكَرُ وَقْتِ الدَّفْعِ لِلْحَاجِّ مِنَ الْمُزْدَلِفَةِ إِلَى مَنَى

আরবী

3849 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَمْرِو بْنِ مَيْمُونٍ قَالَ: قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ: (كَانَ أَهْلُ الْجَاهِلِيَّةِ لَا يُفِيضُونَ حَتَّى يَرَوْا الشَّمْسَ عَلَى تَبِيرٍ فَخَالَفَهُمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَفَعَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ)
 الراوي : عُمَرُ بْنُ الْخَطَّابِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :
 التعليقات الحسان على صحيح ابن حبان
 الصفحة أو الرقم: 3849 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
 (1694): خ.

বাংলা

৩৮৪৯. উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “জাহেলী যুগের লোকেরা মুযদালিফা থেকে মিনার উদ্দেশ্যে রওয়ানা হতো না, যতক্ষণ না সাবীর পাহাড়ের উপর সূর্য দেখতে পেতো। অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সূর্য উদয়ের আগে মিনার উদ্দেশ্যে রওয়ানা হন।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৯৩৮; মুসনাদ আহমাদ: ১/২৯; সহীহুল বুখারী: ৩৮৩৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৫৯; তাহাবী: ২/২১৮; দারেমী: ২/৫৯-৬০; নাসাঈ: ৫/২৬৫; ইবনু মাজাহ: ৩০২২; বাগাবী: ১৯৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।
 আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৯৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93188>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন